



বণিক বার্তা

www.bonikbarta.com | সমৃদ্ধির সহযোগী

বণিক বার্তা, ২৩-১২-২০২২, অনলাইন সংস্করণ

দুই দিনব্যাপী আন্তর্জাতিক গবেষণা সম্মেলন অনুষ্ঠিত



ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির অর্থনীতি বিভাগের আয়োজনে দুদিনের আন্তর্জাতিক গবেষণা সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। এর উদ্বোধন করেন ইউনিভার্সিটির ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. এমএম শহিদুল হাসান। সম্মেলনে ইউনিভার্সিটির বিজনেস অ্যান্ড ইকোনমিক্স ফ্যাকাল্টির ডিন অধ্যাপক ড. এ কে এনামুল হকের সভাপতিত্বে বাংলাদেশে অর্থনৈতিক উন্নয়নের চালক বিষয়ে একটি প্যানেল আলোচনা অনুষ্ঠিত হয়। স্বাগত ভাষণ দেন ইউনিভার্সিটির অর্থনীতি বিভাগের চেয়ারপারসন ড. বিভা অরণী মল্লিক। মূল বক্তা ছিলেন তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা এবং ইকোনমিক রিসার্চ গ্রুপের চেয়ারম্যান অধ্যাপক ড. ওয়াহিদউদ্দিন মাহমুদ, সেন্টার ফর পলিসি ডায়ালগের (সিপিডি) বিশিষ্ট ফেলো অধ্যাপক ড. মুস্তাফিজুর রহমান এবং ইকোনমিক রিসার্চ গ্রুপের নির্বাহী পরিচালক ড. সাজ্জাদ জহির।

সম্মেলনে চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জগুলো তুলে ধরা হয়। ২০২৬ সালে এলডিসি থেকে উত্তরণের কথা উল্লেখ করে অধ্যাপক মুস্তাফিজুর রহমান বলেন, উত্তরণের পর বাংলাদেশের প্রধান প্রধান রফতানি পণ্য অনেক বেশি প্রতিযোগিতার সম্মুখীন হবে এবং মেধাস্বত্ব আরোপের ফলে ওষুধের দামও অনেক বেড়ে যেতে পারে। এ সময় অধ্যাপক ওয়াহিদউদ্দিন মাহমুদ বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে দেশে জবাবদিহিমূলক ও দায়িত্বশীল প্রাতিষ্ঠানিক অবকাঠামোর ওপর জোর দেন।

আলোচনায় ড. সাজ্জাদ জহির বলেন, উন্নয়নের ধরনগুলো পৃথক ইতিহাস ও অভিজ্ঞতা, প্রজন্ম, সংস্কৃতি, জাতি, লিঙ্গ ও ভৌগোলিক অবস্থানের মাধ্যমে পরিবর্তিত হতে পারে। সম্মেলন সমাপনী বক্তব্য দেন ইউনিভার্সিটির প্রো-ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. মুহাম্মদ জিয়াউল হক মামুন।—বিজ্ঞপ্তি